



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ তোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/ময়মন/কলেজ/২০১৯/ ৫২১

তারিখ : ২৫/০৬/১৯

বিষয় : বেসরকারি কলেজ স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৬/২০১৯ তারিখের স্মারক নং - ৩৭.০০.০০০০.০৭০.১৬.০০১.১৭.১৫০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন 'ভালুকা আইডিয়াল কলেজ' এর স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে বোর্ড কর্তৃক পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন কর্মকর্তার সুপারিশ ও মন্তব্য সম্বলিত প্রতিবেদনটি পরবর্তী সদয় নির্দেশনার জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সিনিয়র সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রফেসর ড. গাজী হাসান কামাল

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ

সংযুক্ত : ০২ (দুই) ফর্দ



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

কলেজ স্থাপনের জন্য

পরিদর্শন ছক


কলেজের নাম (প্রস্তাবিত)	: ভালুকা আইডিয়াল কলেজ।
ঠিকানা	: ৭ নং ওয়ার্ড (খারুয়ালী), ভালুকা পৌরসভা, ভালুকা, ময়মনসিংহ।
পরিদর্শনকারীর নাম ও পদবী	: শেখ মোঃ হাবিবুর রহমান কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
পরিদর্শনের তারিখ	: ১২/০৬/২০১৯ ইং।

ক্রঃ নং	বিষয়	নীতি মালা অনুযায়ী পূরণীয় শর্ত সমূহ	কলেজের বর্তমান অবস্থান বর্ণনা	শর্তপূরণ হয়েছে কিনা এ সম্পর্কে মতামত	
১	প্রস্তাবিত কলেজের অবস্থান(মহানগর/পৌর ও শিল্পএলাকা/মফস্বল)		মফস্বল	পূরণকৃত	
২	কলেজের চতুর্দিকে বিদ্যমান নিকটতম কলেজ সমূহের নাম ও দূরত্ব	দিক	কলেজের নাম ও ঠিকানা	প্রস্তাবিত কলেজের অবস্থান হতে দূরত্ব	পূরণকৃত
		পূর্ব	ভালুকা সরকারি কলেজ	০৬ কি.মি	
		পশ্চিম	সোনার বাংলা ডিগ্রী কলেজ	১৫ কি.মি	
		উত্তর	হুমত উল্লাহ কলেজ	১৭ কি.মি	
		দক্ষিণ	পেয়ার আলী ডিগ্রী কলেজ	২০ কি.মি	
৩.	প্রস্তাবিত থানা/উপজেলা মোট জনসংখ্যা	৪,৩০,৩২০ হাজার জন		পূরণকৃত	
৪.	প্রস্তাবিত থাকা/উপজেলার বিদ্যমান কলেজের সংখ্যা ও নাম	ভালুকা উপজেলার মোট কলেজের সংখ্যা ৫ টি ১। ভালুকা সরকারি কলেজ ২। সোনার বাংলা ডিগ্রী কলেজ ৩। সায়েরা সাফায়েত স্কুল এন্ড কলেজ ৪। বিরুনীয়া সদর আলী সরকার মহিলা কলেজ ৫। উথুরা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ			পূরণকৃত
৫.	প্রস্তাবিত কলেজের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার সংখ্যা	মাধ্যমিক বিদ্যালয় ১২ টি মাদ্রাসা ৫ টি			পূরণকৃত
৬.	জনসংখ্যা অনুযায়ী নতুন কলেজের প্রাপ্ততা রয়েছে কিনা?	প্রাপ্যতা আছে			পূরণকৃত
৭.	সম্ভব্য জমির পরিমাণ	১০০ শতাংশ			পূরণকৃত

৮	উদ্যোক্তা/উদ্যোক্তাগণের পরিচয় ও সমাজ সেবায় অবদান	জনাব মোঃ মোস্তফা সরকার (উক্ত কলেজের জমি দাতা) তিনি একজন ব্যবসায়ী ও সমাজ সেবক, নিজ এলাকায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় সামাজিক প্রতিষ্ঠানের সদস্য ও অনুদান দাতা। তিনি অত্র এলাকার গরীব, অসহায় মানুষদের আর্থিক সহযোগীতা জন্য বেশ সুনাম রয়েছে। তিনি অসহায় মানুষদের সেবার লক্ষ্যে একটি কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ নেন। তিনি অত্র প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা ও আজীবন দাতা সদস্য।	পূরণকৃত
৯	প্রস্তাবিত এলাকায় কলেজ স্থাপনের যৌক্তিকতা	প্রস্তাবিত এলাকাটি শিক্ষা ও সংস্কৃতি নগরী হিসেবে সুপরিচিত। এই জনপদটিতে মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা মিলে ৬০ টি প্রতিষ্ঠান আছে। সেই তুলনায় মাত্র ৫ টি কলেজ বড়ই অপ্রতুল। এই উপজেলায় যে পরিমাণ শিক্ষার্থী এস.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ হয় তারা নিজ এলাকার কলেজ সমূহে পর্যাপ্ত পরিমাণ আসন সংখ্যা না থাকায় শহরের বাইরে গিয়ে কলেজে পড়াশুনার দুর্ভোগ পোহাতে হয়। দেখা যায় অনেক দরিদ্র পরিবারের শিক্ষার্থী বাইরে গিয়ে পড়ার সামর্থ্য না থাকায় এস.এস.সি পাশের পরই শিক্ষা জীবনের অবসান ঘটে। সুতরাং প্রস্তাবিত এই জনবহুল এলাকায় কলেজটি স্থাপনের সুনির্দিষ্ট ও শক্তিশালী যৌক্তিকতা রয়েছে।	পূরণকৃত
১০	কলেজ স্থাপনের পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান	প্রতিষ্ঠানের দাতা সদস্যগণ ইতিমধ্যে ব্যাংকে নিজ উদ্যোগে টাকা জমিয়েছেন যা তারা সেবামূলক কাজে ব্যয় করার মানসিকতা রাখেন। তাই ভালুকা আইডিয়াল কলেজের ভবন নির্মাণসহ যে কোন উন্নয়নমূলক কাজে কোনরূপ বাধাধ্বংস হবে না। এছাড়া ও এলাকার বিভিন্ন দানশীল ব্যক্তিবর্গ আর্থিক সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন।	পূরণকৃত

১১. পরিদর্শনকারীর সুস্পষ্ট মতামত/সুপারিশঃ

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.১৬.০০১.১৭.১৫০ তারিখ: ১০/০৬/২০১৯ খ্রিঃ নির্দেশক্রমে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন ভালুকা আইডিয়াল কলেজ এর স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রস্তাবিত প্রতিষ্ঠানটির স্থাপনের অনুমতির লক্ষ্যে প্রতিষ্ঠানটির নিজস্ব জমি, দূরত্ব, জনসংখ্যার দিক থেকে পূরণ করতে সমর্থ হয়েছে। শর্ত থাকে যে, ভাড়া বাড়ীতে কোন ক্রমেই কলেজের কার্যক্রম পরিচালনা করা যাবে না। নিজস্ব দাখিলকৃত ভূমিতে ৩ (তিন) মাসের মধ্যে পরবর্তী কার্যক্রম চালু করার লক্ষ্যে উক্ত বেসরকারি কলেজটি স্থাপন করা যেতে পারে মর্মে প্রেরণ করা হল।


 পরিদর্শন কর্মকর্তার
 স্বাক্ষর ও সীল
 Sk. Md. Habibur Rahman(2082)
 BCS (General Education)
 Inspector of Colleges
 Board of Intermediate & Secondary Education
 Mymensingh